অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/15/2022 **গভর্নর ক্যাথি হোকল**

পাবলিক বেনিফিট গ্রহীতাদের অধিকার সুরক্ষিত রাখতে এবং সামাজিক পরিষেবাগুলোর অ্যাক্সেস শক্তিশালী করতে গভর্নর হোকলের আইনি প্যাকেজ স্বাক্ষর

আইনটি (S.3178A/A.5817A) সামাজিক পরিষেবা দপ্তরগুলোর জন্য গ্রহীতাদের মৌলিক অধিকারসমূহ সম্পর্কে বিজ্ঞপ্তি প্রকাশ করা আবশ্যক করছে

আইনটি (S.8972A/A.9749B) সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচি (Supplemental Nutrition Assistance Program, SNAP) বেনিফিটের নির্দিষ্ট কিছু গ্রহীতা যাতে দুইটি ইলেক্ট্রনিক বেনিফিট ট্রান্সফার (Electronic Benefit Transfer, EBT) ক্রেডিট বা ডেবিট কার্ড পান সে বিষয়টি নিশ্চিত করছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা দিয়েছেন যে তিনি দুইটি বিলের একটি আইনি প্যাকেজ স্বাক্ষর করেছেন যা পাবলিক বেনিফিট গ্রহীতা নিউ ইয়র্কবাসীদের অধিকারসমূহ সুরক্ষিত রাখবে এবং সামাজিক পরিষেবাগুলোর অ্যাক্সেস শক্তিশালী করবে। এই দুইটি বিল, সহায়তা পাওয়ার জন্য যারা আবেদন করছেন তাদের অধিকারগুলোর স্বচ্ছতা বৃদ্ধি করবে এবং খাদ্য সহায়তার অ্যাক্সেস উন্নত করবে।

"নিউ ইয়র্কবাসীদের মহামারীর অর্থনৈতিক ক্ষতি কাটিয়ে উঠা অব্যাহত রাখার এই সময়ে, সরকারি সহায়তা কর্মসূচিগুলো যাতে আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর কাছে সঠিকভাবে সেবা পৌঁছে দিতে পারে সে বিষয়টি নিশ্চিত করা আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ," **বলেছেন গভর্নর হোকল।** "এসব বিল স্টেটজুড়ে সামাজিক পরিষেবাগুলো গ্রহণের সময়ে লোকজনকে তাদের অধিকারগুলো সম্পর্কে শিক্ষিত করে তুলবে এবং পরিবারগুলোকে যাতে নিত্যদিনের খাবারের যোগান দিতে সংগ্রাম করতে না হয় তা নিশ্চিত করবে। সরকারি সহায়তা গ্রহণকারী নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখা ও ক্ষমতায়নের জন্য গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করতে পেরে আমি গর্বিত কারণ কোনো ব্যক্তিরই খাদ্য বা চাইল্ড কেয়ার সংক্রান্ত অনিরাপত্তা, গৃহহীনতা, অথবা জীবনের জন্য ঝুঁকিপূর্ণ অন্য কোনো মানসিক চাপের সম্মুখীন হতে হওয়া উচিত নয়।"

"সংগ্রামে লিপ্ত নিউ ইয়র্কবাসীদের জন্য প্রয়োজনীয় সামাজিক পরিষেবা ও পাবলিক বেনিফিটগুলোর সমতাপূর্ণ অ্যাক্সেস পাওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ," **বলেছেন লেফটেনেন্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো।** "আজ গভর্নর কর্তৃক স্বাক্ষরিত হয়ে আইনে পরিণত হওয়া এই

নতুন আইনি প্যাকেজ স্বচ্ছতা উন্নত করবে এবং যেসব ব্যক্তি তাদের সম্মুখীন হওয়া কষ্টকর পরিস্থিতির কারণে এসব পরিষেবা গ্রহণ করতে বাধ্য হন তাদের অধিকারসমূহ সুরক্ষিত রাখবে।"

আইনটি (S.3178A/A.5817A) সহায়তা পাওয়ার জন্য আবেদনকারী ব্যক্তিদের অধিকারসমূহ পোস্ট করে জানিয়ে দেওয়া আবশ্যক করবে। এটি গ্রহীতাদেরকে আইন দ্বারা প্রতিষ্ঠিত তাদের মৌলিক অধিকারসমূহ সম্পর্কে অবগত করবে, যেমন ন্যায্য শুনানি পাওয়ার অধিকার, জরুরি সহায়তা চাওয়ার অধিকার, সব সুবিধা ও পরিষেবার জন্য আবেদন করার অধিকার, চাইল্ড কেয়ার সম্পর্কে জানতে চাওয়ার অধিকার, বিনামূল্যে ভাষা সংক্রান্ত পরিষেবাগুলো পাওয়ার অধিকার, ঘরোয়া সহিংসতার সম্মুখীন হয়ে থাকলে স্ক্রিনিং ও বিশেষ পরিষেবাসমূহ পাওয়ার অধিকার, এবং পর্যাপ্ত লিখিত বিজ্ঞপ্তি পাওয়ার অধিকার।

সিনেটর জেমস স্যান্ডার্স জুনিয়র বলেন, "যেসব নিউ ইয়র্কবাসীর প্রাথমিক সহায়তার প্রয়োজন রয়েছে তাদের নিজেদের অধিকার ও সুবিধাগুলো সম্পর্কে জানা উচিত। এই আইন লোকজনকে তাদের পরিবার ও নিজেদের জন্য প্রয়োজনীয় সহায়তা পেতে সাহায্য করবে। সহানুভূতিসম্পন্ন সরকারের দায়িত্বের একটি অংশ হলো পূরণ না হওয়া মৌলিক চাহিদাগুলোর জন্য সহায়তা প্রদান করা।"

অ্যাসেম্বলি সদস্য পামেলা জে. হান্টার বলেন, "পাবলিক বেনিফিট অ্যাক্সেস করার সময় আপনি কী পাওয়ার অধিকার রাখেন সে বিষয়টি সুস্পষ্ট ও সংক্ষিপ্ত হওয়া উচিত। সুবিধাভোগীদের হয়তো জানা নেই যে তাদের শুনানি, জরুরি সহায়তা এবং অন্যান্য পরিষেবা পাওয়ার অধিকার রয়েছে। সামাজিক পরিষেবাগুলোর দপ্তরগুলোতে এসব অধিকার সম্পর্কে সরাসরি পোস্টার লাগিয়ে রাখা গুরুত্বপূর্ণ কারণ এসব সুবিধা যারা গ্রহণ করছেন তাদের যথাযথ ইন্টারনেট অ্যাক্সেস নাও থাকতে পারে। এই বিলটিকে স্বাক্ষর করে আইনে পরিণত করায় আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই এবং এটি বাস্তবায়ন হতে দেখার প্রত্যাশা রাখি।"

আইনটি (S.8972A/A.9749B) সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচিগুলোর জন্য একাধিক প্যারেন্ট বা অভিভাবক বসবাস করছেন এমন প্রত্যেক পরিবারের জন্য দুইটি ইলেক্ট্রনিক বেনিফিট ট্রান্সফার ক্রেডিট বা ডেবিট কার্ড প্রদান করা আবশ্যক করছে। এটি গ্রহীতাদেরকে তাদের পরিবারের খাদ্যের যোগান দেওয়ার জন্য তাদের বেনিফিটগুলো কাজে লাগানোর ক্ষেত্রে আরো বেশি সুবিধা প্রদান করবে।

স্টেট সিনেটর জুলিয়া সালাজার বলেন, "আমার সহকর্মী অ্যাসেম্বলি সদস্য সিমচা আইচেনস্টাইনের সঙ্গে বিল S8972A এর মতো সাধারণ বিবেচনা বোধের সাথে সঙ্গতিপূর্ণ ও অপরিহার্য একটি বিলের পৃষ্ঠপোষকতা করতে পেরে আমি গর্বিত। পরিবারগুলোর সব ধরনের চাপের মুখোমুখী হওয়ার এই সময়ে, আমাদের সুবিধাবঞ্চিত প্রান্তিক কমিউনিটিগুলোতে সত্যিকারের চাহিদাগুলো মোকাবেলার জন্য আইন প্রণয়ন করা অপরিহার্য হয়ে পড়েছে। এটি সেসব চাহিদার মধ্যে একটি। আমাদের বাড়িগুলোতে থাকা অভিভাবকরা যাতে মুহূর্তের মধ্যে তাদের অনুমোদিত বেনিফিটের অ্যাক্সেস পেয়ে যান, এবং একজনের কার্ড নিয়ে রিলে রেসের ব্যাটনের মতো ছোটাছুটি করতে না হয়, সে বিষয়টি আমরা নিশ্চিত করছি। SNAP হচ্ছে একটি ফেডারেল কর্মসূচি যা প্রতি বছর 40 মিলিয়নেরও বেশি আমেরিকানকে সাহায্য করে থাকে এবং

তাদের মধ্যে 1.8 মিলিয়ন হচ্ছে নিউ ইয়র্কবাসী। এটি একটি বাস্তববাদী পদক্ষেপ এবং আমি এই বিলের সমর্থনকারী প্রত্যেক আইনপ্রণেতাকে ধন্যবাদ জানাই। এবং আমাদের সিস্টেমের ফাঁকফোকরগুলো মোকাবেলা করার এই সময়ে এই বিল স্বাক্ষর করে আইনে পরিণত করায় আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য সিমচা আইচেনস্টাইন বলেন, "SNAP বেনিফিট গ্রহীতা পরিবারগুলোর জন্য তাদের সন্তানদের খাবারের যোগান দিতে গিয়ে প্রতিনিয়ত চাপের মুখোমুখী হয়ে বাস করা যথেষ্ট কঠিন একটি ব্যাপার। এখন আর তাদেরকে পরিবারের দুইজন কর্তার মধ্যে একটি কার্ড শেয়ার করার মতো অসুবিধা সহ্য করতে হবে না। সাধারণ বিবেচনাবোধের সাথে সঙ্গতিপূর্ণ এই আইন একটি হতাশাজনক ও অর্থহীন সমস্যার একটি সরল, কার্যকর ও বাস্তব সমাধান। এই বিষয়টির গুরুত্ব অনুধাবন করা এবং এই বিলে স্বাক্ষর করে এটিকে আইনে পরিণত করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418